# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 23-08-2025 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন এস আই আর-এর জন্য রাজ্যগুলি প্রস্তুত কিনা তা জানতে পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের চিঠি দিয়েছে ভারতের নির্বাচন কমিশন।

২) কসবার সাউথ ক্যালকাটা ল-কলেজে গণ ধর্ষণ মামলায় আজ আলিপুর আদালতে চার্জশিট জমা দিয়েছে পুলিশ।

৩) কোনা এক্সপ্রেসওয়ে ও বিদ্যাসাগর সেতু মেরামতির জন্য জন্য দ্বিতীয় হুগলি সেতু আগামীকাল বন্ধ থাকবে।

৪) দেশের অন্যান্য অংশের সঙ্গে এরাজ্যেও আজ জাতীয় মহাকাশ দিবস উপলক্ষে নানা কর্মসূচী নেওয়া হয়েছে।

৫) উত্তর ২৪ পরগনার হালি শহর ও কাঁচরাপাড়া পুরসভা কেন্দ্রীয় স্বচ্ছ ভারত মিশনের ও ডি এফ প্লাস শংসাপত্র পেয়েছে।

৬) ডুরান্ডকাপ ফুটবল প্রতিযোগিতায় নর্থইস্ট ইউনাইটেড ৬-১ গোলে ডায়মন্ডহারবার এফ সি-কে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচি বা SIR এর জন্য রাজ্যগুলি প্রস্তুত কিনা তা জানতে চেয়ে পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের চিঠি দিয়েছে ভারতের নির্বাচন কমিশন। SIR এর জন্য পর্যাপ্ত ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার ERO এবং অ্যাসিস্ট্যান্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার AERO রয়েছে কিনা চিঠিতে সে বিষয়ে জানতে

চাওয়া হয়েছে। চলতি মাসের ২৯ তারিখ বিকেল ৫টার মধ্যে কার্যকরী রিপোর্ট পাঠাতেও নির্দেশ দিয়েছে কমিশন।

এদিকে, বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচি সহ একাধিক বিষয়ে আলোচনা করতে নির্বাচন কমিশন সব রাজনৈতিক দলগুলিকে এক বৈঠকে ডেকেছে। কলকাতা-য় মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে এমাসের ২৯ তারিখ এই বৈঠক অনুষ্ঠিত হবে বলে খবর। বৈঠকে মূলত রাজ্যে বর্ধিত বুথের খসড়া তালিকা নিয়ে আলোচনা হবে বলে কমিশন সূত্রে জানা গেছে। পাশাপাশি SIR চালুর প্রস্তুতি এবং সেই উপলক্ষে রাজনৈতিক দলগুলির তরফে বুথ লেভেল এজেন্ট নিয়োগের বিষয়টিও আলোচ্যসূচিতে রয়েছে।

oooooooooooooooooooooooooooooo

অবৈধ ভোটার কার্ড রোধে নির্বাচন কমিশন কার্ড বিতরণের ক্ষেত্রে কড়া নজরদারির সিদ্ধান্ত নিয়েছে। ডাক বিভাগের তরফে ভোটারদের কাছে এপিক বা ভোটার পরিচয়পত্র পৌঁছে দেওয়ার সময় ছবি সহ ডিজিটাল এভিডেন্স বা প্রমাণ সংগ্রহ করা হবে। সেই তথ্য ডাক বিভাগের কাছে ৬ মাস পর্যন্ত সংরক্ষিত থাকবে। পরে তা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে জমা দিতে হবে। সম্প্রতি এক বৈঠকে এবিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন ডাক ও তার বিভাগের আধিকারিক এবং সরস্বতী প্রেসের প্রতিনিধিরা। এবার থেকে সরস্বতী প্রেসে কার্ড ছাপার পর তা সরাসরি জিপিও মারফত ভোটারদের ঠিকানায় পাঠানো হবে। সর্বোচ্চ ১৫ দিনের মধ্যেই আবেদনকারীর কাছে এই কার্ড পৌঁছে যাবে বলে আশা করছে নির্বাচন কমিশন।

oooooooooooooooooooooooooooo

কসবার সাউথ ক্যালকাটা ল-কলেজে গণ ধর্ষণ মামলায় আজ আলিপুর আদালতে চার্জশিট জমা দিয়েছে পুলিশ। প্রাক্তন টিএমসিপি নেতা কলেজের অস্থায়ী কর্মী মনোজিৎ মিশ্র সহ চারজনের নামে চার্জশিট জমা পড়েছে। মনোজিৎ ছাড়াও

চার্জশিটে নাম রয়েছে প্রমিত মুখোপাধ্যায়, জইব আহমেদ ও পিনাকী বন্দ্যোপাধ্যায়ের। ঘটনার ৫৮ দিনের মাথায় চার্জশিট আদালতে জমা দিল পুলিশ। ৮০ জনের সাক্ষ্য গ্রহণ করা হয়। মোট ৬৫০ পাতার চার্জশিটে ভারতীয় ন্যায় সংহিতায় গণধর্ষণ, আটকে রাখা, অপহরণ, প্রাণনাশের হুমকির মতো ধারা রাখা হয়েছে।

oooooooooooooooooooooooooooooo

এক ইন্টার্নকে মারধোরের অভিযোগকে কেন্দ্র করে মালদা মেডিকেল কলেজ চত্বর আজ উত্তপ্ত হয়ে ওঠে। বিক্ষোভরত জুনিয়ার চিকিৎসকদের একাংশ অধ্যক্ষকে ঘেরাও করে রেখেছেন বলে খবর।

উল্লেখ্য, অভিযোগ শাসকদল ঘনিষ্ঠ দুই ইন্টার্ন কলেজেরই আর এক ইন্টার্নকে বহির্বিভাগে চিকিৎসার সময় মারধোর করে। মেডিকেল কলেজ কর্তৃপক্ষ কোনরকম অভিযোগ গ্রহণ করতে চায়নি বলে জুনিয়ার ডাক্তাররা জানিয়েছেন। ওই দুই ইন্টার্নকে সাসপেন্ড করার দাবিতে বিক্ষোভ শুরু করেছেন তারা।

oooooooooooooooooooooooooo

রাজনৈতিক হিংসা থেকেই বারুইপুরে দলীয় বুথ সভাপতিকে হত্যা করা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিজেপি নেতা শঙ্কুদেব পান্ডা সিসিটিভি ফুটেজ দেখিয়ে অভিযোগ করেন, শাসকদলের কর্মীরাই দলের বুথ সভাপতি রাজীব বিশ্বাসকে হত্যা করেছে। এমনকি দেহটি পেট্রোল দিয়ে আগুনে পুড়িয়ে দেবার চেষ্টা করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। ঘটনায় বিজেপি, CBI তদন্তেরও দাবি জানিয়েছে।

oooooooooooooooooooooooo

আরজি কর কাণ্ডের তদন্তে শ্রীরামপুরের তৃণমূল বিধায়ক ডাক্তার সুদীপ্ত রায়ের সিঁথির বাড়িতে হানা দিয়েছেন কেন্দ্রীয় তদন্ত সংস্থা সিবিআই এর আধিকারিকরা। সূত্রের খবর অনুযায়ী, আরজি কর এর ঘটনায় ফের সুদীপ্ত রায়কে জেরা করেছেন কেন্দ্রীয় তদন্তকারী আধিকারিকরা। জিজ্ঞাসাবাদ চলছে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলকাতায় তিনটি রেল প্রকল্পের সূচনা করায় অত্যন্ত খুশী যাত্রীরা। নতুন মেট্রোপথে যেমন স্বল্পমূল্যে গন্তব্যে পৌঁছে যাওয়া যাচ্ছে, তেমনি সময়ও লাগছে অনেক কম। একটি প্রতিবেদন

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের সহযোগিতা ছাড়া রেল প্রকল্পের বাস্তবায়ন সম্ভব নয় বলে মন্তব্য করেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। সাংবাদিকদের প্রশ্নের জবাবে অধীর বাবু রাজ্যে কয়েকটি রেল প্রকল্পের কাজের ক্ষেত্রে রাজ্য সরকারের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ করেন।

(বাইট – অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কোনা এক্সপ্রেসওয়ে ও বিদ্যাসাগর সেতুর একাধিক অংশে পরিকাঠামো উন্নয়ন সংক্রান্ত কাজের জন্য দ্বিতীয় হুগলি সেতু আগামীকাল ১৬ ঘন্টা বন্ধ থাকবে।

ভোর পাঁচটা থেকে রাত ৯’টা পর্যন্ত সেতুর ওপর দিয়ে কোন যান চলাচল করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময় যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

oooooooooooooooooooooo

দেশের অন্যান্য অংশের পাশাপাশি আজ রাজ্যেও ‘জাতীয় মহাকাশ দিবস’ উপলক্ষে নানা কর্মসূচি নেওয়া হয়েছে। এবারে দিনটি পালনের মূল ভাবনা, ‘আর্যভট্ট থেকে গগনযান- প্রাচীন প্রজ্ঞা থেকে সীমাহীন সম্ভাবনা’।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উপলক্ষ্যে মহাকাশ গবেষণার সঙ্গে যুক্ত দেশের সকল বিজ্ঞানী ও যুব সম্প্রদায়কে শুভেচ্ছা জানিয়েছেন।

(বাইট – প্রধানমন্ত্রী)

‘জাতীয় মহাকাশ দিবস’ উদযাপন উপলক্ষে ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীন বিড়লা শিল্প ও কারিগরি সংগ্রহশালায় আট দিনব্যাপী একগুচ্ছ কর্মসূচি নেওয়া হয়েছে। ভারতের মহাকাশ ঐতিহ্য নিয়ে আজ একটি প্রদর্শনীর উদ্বোধন হয়। বক্তব্য রাখেন মহাকাশ বিজ্ঞানী ডঃ দেবীপ্রসাদ দুয়ারী। এছাড়াও "চাঁদ থেকে চন্দ্রযান" এই বিষয়ের উপর ছাত্র-ছাত্রীদের প্রশ্নোত্তর প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বাইপাসের ধারে ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস ফিজিক্সে **অ্যাপোলো-ইলেভেন** সহ তিনটি উপগ্রহ এবং মহাকাশ সংক্রান্ত অন্যান্য বিষয়ের ওপর চলছে বিশেষ প্রদর্শনী।

oooooooooooooooooooooo

মদ্যপানের প্রতিবাদ করায় উত্তর ২৪ পরগনার বেলঘরিয়ার নন্দননগরে এক শিক্ষককে মারধোরের অভিযোগে ২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। আটক করা হয়েছে আরও দু-জনকে । অভিযোগ আজ ভোরে প্রকাশ্য রাস্তায় মদ্যপান করছিলেন কয়েকজন যুবক ও এক তরুণী। এর প্রতিবাদ করেন নিরূপম পাল নামে ওই শিক্ষক। তখনই তাঁর ওপর চড়াও হয় অভিযুক্তরা। পুলিশ অভিযুক্ত মন্দিরা মুখার্জীকে নিমতা থেকে গ্রেফতার করেছে। তাঁকে জিজ্ঞাসাবাদ করে পলাশ দাস

নামে আরও একজনকে গ্রেফতার করা হয়। দুই নাবালককেও আটক করেছে পুলিশ।

oooooooooooooooooooooo

নিউ গড়িয়ার আবাসনে ৭৯ বছর বয়সী বৃদ্ধা বিজয়া দাসের খুনের ঘটনায় ধৃত আশালতা সর্দার এবং মহম্মদ জালাল মীরের ১২-দিনের পুলিশ হেফাজত হয়েছে। ওই বৃদ্ধার বাড়িতে সদ্য আয়ার কাজে নিযুক্ত আশালতাকে গতরাতে দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুর থেকে এবং তার সহযোগী মহম্মদ জালালকে ঢোলাহাট থেকে গ্রেফতার করা হয়। দু-জনকেই আজ আলিপুর আদালতে তোলা হয়।

উল্লেখ্য গত শুক্রবার পঞ্চসায়র থানা এলাকার ওই আবাসন থেকে বিজয়া দাসের দেহ হাত-পা বাঁধা অবস্থায় উদ্ধার হয়। পাশের ঘর থেকে তাঁর স্বামী ৮২ বছরের প্রশান্ত দাশকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়।

oooooooooooooooooooo

কলকাতার আনন্দপুর থানা এলাকার গুলশান কলোনিতে একটি রাবার কারখানায় আজ দুপুরে আগুন লাগে। দমকলের চারটি ইঞ্জিন প্রায় ২ ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। হতাহতের কোন খবর নেই।

ooooooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার হালি শহর ও কাঁচরাপাড়া পুরসভা কেন্দ্রীয় স্বচ্ছ ভারত মিশনের ও ডি এফ প্লাস শংসাপত্র পেয়েছে। খোলাস্থানে শৌচকর্ম মুক্ত পরিবেশ তৈরি, আধুনিক শৌচাগার নির্মাণের মতো উদ্যোগ গ্রহণের ফলেই এই শিরোপা বলে

জানা গেছে। সম্প্রতি কেন্দ্রীয় স্বচ্ছ ভারত মিশন প্রকল্পের প্রতিনিধিরা এলাকা পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন।

oooooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের উপরে একটি নিম্নচাপ ও মৌসুমী অক্ষরেখার কারণে আজ ও আগামীকাল সব জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। আগামী ২৪ ঘণ্টায় নিম্নচাপটি পশ্চিম উত্তর-পশ্চিমে ঝাড়খণ্ডের দিকে সরে গেলে, ২৫ তারিখ থেকে বৃষ্টি কমতে পারে। তবে ওই দিনই উত্তর-পশ্চিম বঙ্গোসাগরে আরেকটি নিম্নচাপ তৈরির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। এর পরোক্ষ প্রভাবে উপকূলবর্তী জেলাগুলিতে পরবর্তী দু-তিন দিন হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে বলে আবহবিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

**বাইট সৌরিশ বন্দ্যোপাধ্যায়**

মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

বিভিন্ন নদীর জলস্তর বেড়ে যাওয়ার ফলে আজ সকাল থেকে জলমগ্ন বাঁকুড়া জেলার বেশ কয়েকটি সেতু এবং রাস্তা। ভারী বৃষ্টির জেরে গন্ধেশ্বরী, দ্বারকেশ্বর, ভৈরববাঁকি-সহ বিভিন্ন নদ-নদীর জল বেড়েছে। দ্বারকেশ্বরে জলস্তর বৃদ্ধির জেরে জলের নীচে মিনাপুর, ভাদুল ও কেঞ্জাকুড়া এলাকার তিনটি কজওয়ে। পাত্রসায়ের ব্লকের ধগড়িয়া থেকে হদলনারায়ণপুর যাওয়ার রাস্তায় যান চলাচল পুরোপুরি বন্ধ। ফলে বিচ্ছিন্ন হয়ে পড়েছে আট থেকে দশটি গ্রাম।

ঝাড়গ্রাম জেলাতে জল বেড়েছে ডুলুং নদীর। জামবনি এলাকায় কজওয়ের উপর দিয়ে বইছে নদীর জল। জলস্তর বৃদ্ধি পাওয়ার জন্য ঝাড়গ্রামের সঙ্গে জামবনি ব্লকের চিল্কিগড়ের যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে। বন্যা পরিস্থিতির আশঙ্কা করছেন স্থানীয়রা। কংসাবতী এবং সুবর্ণরেখা নদীরও জলস্তর বৃদ্ধি পেয়েছে।

প্রবল বর্ষণএ পূর্ব বর্ধমান জেলার অনেক জায়গা জলমগ্ন। কালনা, কাটোয়ো, রায়না সহ বিভিন্ন জায়গায় নীচু এলাকাগুলিতে জনজীবন বিপর্যস্ত।

oooooooooooooooooooooo

গতবারের বিজয়ী নর্থ ইষ্ট ইউনাইটেড এফ সি ১৩৪ তম ডুরান্ড কাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ ফাইনালে নর্থ ইষ্ট ইউনাইটেড এফ

সি ৬-১ গোলে ডায়মন্ড হারবার এফসি কে হারিয়ে দিয়েছে। বিরটিতে বিজয়ী দল ২-০ গোলে এগিয়ে ছিল। নর্থ ইষ্ট ইউনাইটেড এর পক্ষে আশির আকতার, পার্থিব গগৈ, থোই সিং, জাইরো বুস্তারা, আন্দ্রেস জোস, আলাইদ্দিনে আজারিয়ে গোল করেছেন।
ডায়মন্ড হারবার এফসি, র পক্ষে একটি গোল শোধ করেন লুকা মায়চেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০